



# বাংলাদেশ ইনসিওরেস একাডেমি

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়



সূত্র : বাইএ/প্রশা/২৪১/২০২১

তারিখ : ০৪/০১/২০২১

## উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তি

বাংলাদেশ ইনসিওরেস একাডেমি ভবনের নিরাপত্তার জন্য ০৩ (তিন) জন নিরাপত্তারক্ষী চুক্তিভিত্তিক নিয়োগের লক্ষ্যে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রতিষ্ঠান সমূহ থেকে নিম্ন বর্ণিত শর্তস্বাপেক্ষে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

### শর্তাবলী :

- ১) দরপত্র আগামী ০৫/০২/২০২১ তারিখ সকাল ৯.০০ ঘটিকা থেকে ১৫/০২/২০২১ তারিখ বেলা ১২-০০ ঘটিকার মধ্যে একাডেমিতে রক্ষিত নির্ধারিত টেন্ডার বক্সে ফেলতে হবে এবং ১৫/০২/২০২১ তারিখ বেলা ১২-০০ ঘটিকার সময় দরপত্র দাখিলকারী প্রতিষ্ঠানের (যদি কেউ উপস্থিত থাকে) উপস্থিতে দরপত্র খোলা হবে।
- ২) প্রহরী নিয়োগের ক্ষেত্রে অবসর প্রাপ্ত সেনা সদস্য, অবসর প্রাপ্ত বর্ডার গার্ড বাংলাদেশ এর সদস্য অথবা অবসর প্রাপ্ত বাংলাদেশ আনসার এর সদস্য অগ্রগণ্য হবে।
- ৩) কাজের সুবিধার জন্য নিরাপত্তার জন্য প্রয়োজনীয় সকল সরঞ্জামাদি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক সর্বস্বত্ব করতে হবে।
- ৪) প্রহরাকালে প্রহরীগণ সু-সজ্জিত থাকতে হবে। প্রহরী কার্য সময়ে কর্তব্য অবহেলা করবেনা এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক নিয়মিত তদারকি করতে হবে।
- ৫) একাডেমির সার্বিক নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতে হবে। নিরাপত্তা প্রহরী কর্তৃক কোন প্রকার অপরাধমূলক কাজ সংঘটিত হলে তাঁকে তাতক্ষণিক ভাবে বরখাস্ত করতে হবে এবং অভিযোগ প্রমানিত হলে আইনানুগ ব্যবস্থা নিতে হবে।
- ৬) চুক্তির শর্ত মোতাবেক বেতনভাতাদি এবং উৎসব ভাতা প্রদান করা হবে।
- ৭) কোন কারন দর্শানো ব্যতিরেকেই যে কোন পক্ষ ১ মাসের পূর্ব নোটিশ প্রদান স্বাপেক্ষে কার্যাদেশ বাতিল করতে পারবে।
- ৮) প্রতিষ্ঠান কর্তৃক সর্বস্বত্বকারী নিরাপত্তাকর্মী কোন কারনে অনুপস্থিত/কাজে বিরত থাকলে দ্রুত সময়ের মধ্যে বিকল্প নিরাপত্তা প্রহরী ব্যবস্থা করতে হবে অন্যথায় ক্ষতিপূরণ হিসেবে থোক বেতনের হারে দ্বি-গুন অর্থ কর্তন করা হবে।
- ৯) দরপত্র দাখিলকৃত প্রতিষ্ঠানের পূর্ণ পরিচয় ও বৃত্তান্ত ঠিকানা সহ, অভিজ্ঞতা ও হালনাগাদ লাইসেন্স কপি, হালনাগাদ টিন সার্টিফিকেট ও প্রয়োজনীয় কাগজপত্রাদি দাখিল করতে হবে এবং পরবর্তীতে নিরাপত্তা প্রহরী নিয়োগের সময় একাডেমির চাহিদা অনুযায়ী বিভিন্ন যোগ্যতার কাগজপত্রাদি এবং জাতীয় পরিচয় পত্রের কালার ফটোকপি, ২কপি পিপি সাইজের ছবি একাডেমিতে জমা দিতে হবে।
- ১০) কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকেই যে কোন কিংবা সকল দরপত্র আংশিক বা সম্পূর্ণ বাতিল অথবা গ্রহণ করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(আ. ফ. ম. সিরাজুল ইসলাম)

সচিব

অনুলিপি

- ১) পরিচালক মহোদয়ের দপ্তর
- ২) প্রশাসন বিভাগ, প্রশিক্ষণ বিভাগ ও হিসাব বিভাগ
- ৩) নোটিশ বোর্ড (বিআইএ এবং এনজিও ফাউন্ডেশন, প্রদর্শনের জন্য)
- ৪) সংশ্লিষ্ট নথি

Karim-Notice-12